

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮ ৪৩

শান্তিরবাজার, ২৪ ফেব্রুয়ারি, ২০২৫

পিএম কিষাণ যোজনার ১৯তম কিস্তি বিতরণ

**কৃষকদের কল্যাণে সরকার অনেক প্রকল্পের বাস্তবায়ন করছে : সমবায়মন্ত্রী**

কৃষকদের কল্যাণে সরকার অনেক প্রকল্পের বাস্তবায়ন করছে। সরকারের লক্ষ্য কৃষকদের আনন্দিত করে তোলা। আজ শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রমনুষ্ঠিত কৃষি বিজ্ঞান কেন্দ্রে এক অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া একথা বলেন। উল্লেখ্য, বিহারের ভাগলপুর থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কর্তৃক পিএম কিষাণ যোজনার ১৯তম কিস্তির টাকা প্রদান অনুষ্ঠান উপলক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ভাগলপুরের অনুষ্ঠান সরাসরি সম্পূর্ণ করা হয়। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের ৯ কোটি ৭ লক্ষ সুবিধাভোগী কৃষকদের মধ্যে পিএম কিষাণ যোজনার ১৯তম কিস্তির টাকা প্রদান করেন। অনুষ্ঠানে কৃষকদের কল্যাণে প্রধানমন্ত্রীর এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন সমবায়মন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াৎ, ইন্ডিয়ান ইনসিটিউট অব হার্টিকালচার রিসার্চের পরিচালন কমিটির সদস্য প্রদীপ বরণ রায়, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহায়ক রাজীব চক্রবর্তী প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন বীরচন্দ্রমনু কৃষি বিজ্ঞান কেন্দ্রের সিনিয়র সায়েন্টিস্ট বি কে নন্দা। কৃষি প্রযুক্তির নানা বিষয় অনুষ্ঠানে প্রদর্শন করা হয়। কৃষকদের হাতে তুলে দেওয়া হয় কৃষি সহায়ক সামগ্রী।

\*\*\*\*\*